

যুগান্তর

কলেজে ভর্তির সুযোগ পাচ্ছেন কারিগরি বোর্ডের শিক্ষার্থীরা

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৭ মে ২০২৪, ২১:৫৯:২৫ | [অনলাইন সংস্করণ](#)



কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উচ্চ মাধ্যমিকে মূল ধারায় ভর্তির সুযোগ পাচ্ছে। তাদের ভর্তির সুযোগ দিয়ে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়।

বিগত ৭-৮ বছর ধরে একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে কারিগরি বোর্ডের শিক্ষার্থীদের এ ধরনে সুযোগ ছিল না। ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে সেই সুযোগ সৃষ্টি হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে প্রকাশিত নীতিমালার ২.৩.৬ ধারায় বলা হয়, কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণরা সাধারণ শিক্ষা বোর্ডের যেকোনো গ্রুপে ভর্তির আবেদন করতে পারবে।

জানা যায়, ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে ২০২৩-২৪ শিক্ষাবর্ষ পর্যন্ত একাদশে কোনোবারই কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পাশ করা শিক্ষার্থীরা সাধারণ শিক্ষা কলেজে ভর্তি হতে পারেনি। শিক্ষা মন্ত্রণালয় এবার কারিগরি শিক্ষার্থীদের সেই সুযোগ তৈরি করে দিয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব ফরিদ উদ্দিন আহমদ বলেন, ‘কারিগরিতে এসএসসি ও দাখিল ভোকেশনাল যারা পড়ছে, তারা তো সাধারণ শিক্ষার সব কিছুই পড়ছে। তাই তাদের সাধারণ ধারায় পড়ার সুযোগ পাওয়া উচিত। এজন্য এটি নীতিমালায় যোগ করা হয়েছে।’

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

